

চবিতে ছাত্রলীগ থেকে ছাত্রশিবিরের নেতা, বিতর্ক ঘিরে ফারাবীর মন্তব্য

চবি প্রতিনিধি



সংযুক্ত ছবি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) শাখা ইসলামী ছাত্রশিবিরের

সোহরাওয়াদী হলের সভাপতি আবরার ফারাবীকে ঘিরে নতুন

করে বিতর্ক শুরু হয়েছে। সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যম

ফেসবুকে তার পুরনো কিছু ফেসবুক পোষ্টের স্ক্রিনশট ভাইরাল

হয়, যেখানে দেখা যায়—তিনি একসময় নিষিদ্ধ ছাত্রলীগের

রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন এবং জামায়াত-শিবিরবিরোধী

অবস্থানও নিয়েছেন।

‘N U Abrar Farabi’ নামে একটি ফেসবুক অ্যাকাউন্ট থেকে

দেওয়া বিভিন্ন পোষ্টে দেখা যায়, তিনি চবি ছাত্রলীগের প্রাক্তন

নেতা প্রদীপ চক্রবর্তী দুর্জয়কে ‘প্রিয় ভাই’ সম্মোধন করে পোষ্ট

দিয়েছেন। এ ছাড়াও তিনি চট্টগ্রাম সিটি করপোরেশনের সাবেক

মেয়ের আ জ ম নাহির উদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিনে

শুভেচ্ছা জানিয়েছেন।



পরিপ্রবিতে নির্মাণাধীন ভবন থেকে পড়ে ফের শ্রমিকের
মৃত্যু

২০২২ সালের ১৪ নভেম্বর দেওয়া একটি পোস্টে তিনি লিখেছেন,

‘চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের দুঃসময়ের ত্যাগী নেতা ড.

রবিউল হাসান ভুঁইয়া স্যার... আজ যখন দেখি উনার মত ত্যাগী
মানুষের বিরুদ্ধে কেউ কথা বলে, তখন কষ্ট লাগে।’

২০২১ সালের ২৯ ডিসেম্বর আরেকটি পোস্টে তিনি জামায়াত-

শিবিরকে খুনি আখ্যা দিয়ে লিখেন, ‘২০০১ সালের ২৯ ডিসেম্বর

খুনি জামায়াত-শিবিরের হাতে নির্মমভাবে নিহত... মরতুজা
চৌধুরী ভাইয়ের মৃত্যুবার্ষিকীতে গভীর শ্রদ্ধাঙ্গলি।’

এ বিষয়ে জানতে চাইলে আবরার ফারাবী বলেন, ‘হলে থাকতে

হলে ছাত্রলীগ করতে হয়—তাই রাজনীতিতে সক্রিয় হই। ২০২২

সালের জুনে ছাত্রলীগের রাজনীতি থেকে নিজেকে গুটিয়ে নিই

এবং ২০২৩ সাল থেকে শিবিরের রাজনীতিতে সক্রিয় হই।

,

পুরনো পোষ্টগুলো ডিলিট না করার বিষয়ে তিনি বলেন,

‘ছাত্রলীগের এক গ্রন্থের চাপেই ওই পোষ্ট করতে হয়েছিল।

রাজনীতি ছাড়ার পর আর খেয়াল করিনি।’

ছাত্রশিবির চবি শাখার সেক্রেটারি মোহাম্মদ পারভেজ বলেন, ‘হলে
থাকতে ছাত্রলীগ করতে হয়—এটা সবারই জানা কথা। তিনি
২০২২ এ ছাত্রলীগ ছাড়ার আগে থেকেই আমাদের কার্যক্রমে যুক্ত
ছিলেন।

পরে সোহরাওয়াদী হলের সভাপতি হন।’

চবি শিবির শাখার সভাপতি মোহাম্মদ আলীর বক্তব্য জানতে
একাধিকবার যোগাযোগ করা হলেও তিনি সাড়া দেননি।